নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রাতে (সালাতের জন্য) উঠতেন তখন মিসওয়াক দিয়ে মুখ কচলিয়ে পরিষ্কার করতেন।

হুযাইফা রদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রাতে (সালাতের জন্য) উঠতেন তখন মিসওয়াক দিয়ে মুখ কচলিয়ে পরিষ্কার করতেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রায়শই মিসওয়াক করতেন এবং তার আদেশ দিতেন। আর কিছু সময়ে এটি গুরুত্বপূর্ণ হয়ে যায়, যেমন রাতে উঠার সময় মিসওয়াক করা। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তখন তাঁর দাঁত ঘষতেন এবং মিসওয়াক দিয়ে মুখ পরিষ্কার করতেন।

https://sunnah.global/hadeeth/bn/show/3063